




এই বইটি মজার ।
পড়ছে যাইদ খুলে ।
পড়ার আগে বললো যাইদ,
বিসমিল্লাহ ।






রাত হয়েছে অনেক ।
টলছে যাইদ ঘুমে ।
শোয়ার আগে বলছে দ্যাখো,
বিসমিল্লাহ ।




ফুলগুলো কী সুন্দর!
গন্ধে মাতোয়ারা!
সুবহানাল্লাহ।







ছোট পাখি চড়ুই!
ফরফরে তার ডানা!
সুবহানাল্লাহ।



যেই না হলো ভোর ।
ঘুমটি গেলো কেটে ।
বললো উমার জেগে,
আলহামদুলিল্লাহ ।



আলিফ, বা, তা, সা।
পড়তে পারি নিজে!
আনন্দে তাই বলছি শুধু,
আলহামদুলিল্লাহ!





আমার প্রিয় দাদি,
বানান মজার পিঠা।
মাশাআল্লাহ।



আপু কুরআন পড়ে।
মিষ্টি-মধুর সুরে।
মাশাআল্লাহ।







চলে এলো ঈদ।
যাবো নানুর বাড়ি।
মজা হবে খুব।
ইনশাআল্লাহ।



স্বপ্ন আঁকি মনে ।
হাফেজ হবো আমি ।
ইনশাআল্লাহ ।

